তারিখ · 10 NOV 2016
পৃষ্ঠা ১২ কলাম ২

দৈনিক
আমাদের সময়

# নতুন দুটি পাবলিক বিশ্ববিদ্যালয় হচ্ছে

এম এইচ রবিন ●

বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এবং শেখ হাসিনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় নামে আরও দুটি পাবলিক বিশ্ববিদ্যালয় করবে সরকার। এ সংক্রান্ত আইনের খসড়া চূড়ান্ত করেছে শিক্ষা মন্ত্রণালয়। মন্ত্রণালয়ের একটি নির্ভরশীল সূত্র গতকাল আমাদের সময়কে এ তথ্য নিশ্চিত করেছে।

সংশ্লিষ্ট সূত্রের তথ্যমতে, শিক্ষা মন্ত্রণালয়ে গতকাল অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সমন্বয় সভায় দুটি বিশেষায়িত বিশ্ববিদ্যালয়ের আইনের খসড়া চূড়ান্ত করা হয়েছে। খসড়া আইন মন্ত্রিসভার অনুমোদনে শিগগির উপস্থাপনের জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা দিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ।

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) তথ্যানুযায়ী, শেখ হাসিনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের আইনের খসড়া তৈরির জন্য গত ২১ জুন শিক্ষা মন্ত্রণালয় ইউজিসিকে চিঠি দেয়। এতে এরপর পৃষ্ঠা ১১, কলাম ৫

## নতুন দুটি পাবলিক বিশ্ববিদ্যালয় হচ্ছে

(শেষ পৃষ্ঠার পর) বলা হয়, প্রধানমন্ত্রীর সম্মতি অনুযায়ী শেখ হাসিনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় নামে একটি পাবলিক বিশ্ববিদ্যালয় স্থাপনের নিমিত্তে যুগোপযোগী একটি খসড়া আইন প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। দেশে এবং বিদেশে কর্মসংস্থানের সুযোগ পেতে পারে এবং উদ্যোক্তা সৃষ্টি করা যায় এরূপ বিধান আইনে অন্তর্ভুক্ত করার পরামর্শ দেওয়া হয় ওই চিঠিতে। শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী ইউজিসি সম্প্রতি আইনের খসড়া তৈরি করে মন্ত্রণালয়ে পাঠায়। শিক্ষা মন্ত্রণালয় আন্তঃমন্ত্রণালয়ের মতামত ও আইন মন্ত্রণালয়ের ভেটিং শেষে আইনের খসড়া চূড়ান্ত করা হলো।

জানা গেছে, বিশেষায়িত উচ্চশিক্ষার মাধ্যমে দেশে দক্ষ জনসম্পদ গড়ে তুলতে কাজ করছে বর্তমান সরকার। এর অংশ হিসেবে জামালপুরে বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এবং নেত্রকোনায় শেখ হাসিনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপিত হবে।

নতুন এ দুটি বিশ্ববিদ্যালয় স্থাপিত হলে পিছিয়ে পড়া হাওর ও সীমান্তবর্তী এলাকার শিক্ষার্থীরা উচ্চশিক্ষার সুযোগ পাবেন। নেত্রকোনার রাজুরবাজার এলাকায় শেখ হাসিনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপনের জন্য প্রাথমিকভাবে স্থান নির্বাচন করা হয়েছে। তবে বঙ্গমাতা শেখ ফজিলাতুননেসা মুজিব বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সম্ভাব্য স্থান নির্ধারণ করা হয়নি। শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (বিশ্ববিদ্যালয়) মো. হেলালউদ্দিন আমাদের সময়কে বলেন, বিশ্ববিদ্যালয় দুটির আইনের খসড়া চূড়ান্ত হয়েছে। আইন পাস করতে মন্ত্রিসভার অনুমোদনের জন্য শিগগিরই পাঠানো হবে। জাতীয় সংসদে আইন পাস হলে বিশ্ববিদ্যালয় স্থাপনের কাজ শুরু হবে।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা উচ্চশিক্ষার সুযোগ সারা দেশে ছড়িয়ে দেওয়ার জন্য গত কয়েক বছর ধরেই শিক্ষা মন্ত্রণালয়কে তাগাদা দিচ্ছেন। দেশের প্রতিটি জেলায় একটি পাবলিক বা প্রাইভেট বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠায় ইতোমধ্যে ঘোষণা দিয়েছেন প্রধানমন্ত্রী। এরই ধারাবাহিকতায় একের পর এক বেসরকারি বিশ্ববিদ্যালয়ের অনুমোদন দিচ্ছে সরকার। বর্তমানে দেশে ৩৭টি পাবলিক বিশ্ববিদ্যালয় এবং ৯৫টি প্রাইভেট বিশ্ববিদ্যালয় রয়েছে।